অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

ক্যালিফোর্নিয়ার KNP কমপ্লেক্সের অগ্নিকাণ্ড থেকে ফিরে আসা নিউ ইয়র্ক স্টেটের দমকল কর্মীদের গভর্নর হোচুল স্বাগত জানিয়েছেন

ক্যালিফোর্নিয়াতে ডিক্সি ফায়ারের ঘটনায় টাস্ক ফোর্স লিডার হিসেবে দায়িত্ব পালনের জন্য গভর্নর হোচুল DEC ফরেস্ট রেঞ্জারকে নিযুক্ত করেছেন

ছবি পাওয়া যাবে এখানে

ক্যালিফোর্নিয়াতে দুই-সপ্তাহব্যাপী KNP কমপ্লেক্স অগ্নিকাণ্ডের বিরুদ্ধে লড়াই করার দায়িত্ব পালন করে ফিরে আসায় পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) ফরেস্ট রেঞ্জারদের নেতৃত্বাধীন নিউ ইয়র্ক স্টেটের 20 জন বনভূমি দমকল কর্মীকে গভর্নর ক্যাথি হোচুল আজ স্বাগত জানিয়েছেন। গত মাসে, মিনেসোটাতে গ্রিনউড অগ্নিকাণ্ডের ঘটনা মোকাবেলায় নিযুক্ত হওয়া বনভূমি দমকল কর্মীদের একটি দলের ফিরে আসা, এবং ক্যালিফোর্নিয়াতে ডিক্সি ফায়ারের সাথে লড়াই করার পর DEC ফরেস্ট রেঞ্জার রবি মিকাস-এর ফিরে আসার বিষয়টি গভর্নর উদযাপন করেছেন। আগস্ট মাসে, ফরেস্ট রেঞ্জার মাইকেল বার্কহোল্ডার মন্টানাতে অ্যাল্ডার ক্রিক ও ট্রেইল ক্রিক অগ্নিকাণ্ডের সাথে লড়াই করে ফিরে এসেছেন। জুলাই মাসে, রেঞ্জার টিমোথি কার্পেন্টার ওরেগনে বুটলেগ অগ্নিকাণ্ডের ঘটনা মোকাবেলার জন্য নিযুক্ত হওয়ার পর দায়িত্ব পালন শেষে বাড়ি ফিরে এসেছেন।

এই দমকল কর্মীদের ফিরে আসায়, DEC টাস্ক ফোর্স লিডার হিসেবে দায়িত্ব পালনের জন্য এবং ক্যালিফোর্নিয়ার ডিক্সি ফায়ার দুই সপ্তাহের জন্য দমন করে রাখার প্রচেষ্টায় সহায়তা করতে একজন ফরেস্ট রেঞ্জারকে নিযুক্ত করেছে। এই ডিক্সি ফায়ার 13 জুলাই তারিখে শুরু হয়েছে এবং এখন পর্যন্ত এটি 963,309 একরেরও বেশি জায়গা পুড়িয়ে ফেলেছে, যা এটিকে ক্যালিফোর্নিয়ার ইতিহাসে এযাবতকালের বৃহত্তম দাবানলে পরিণত করেছে।

"এই গ্রীষ্মে আমাদের পরিবর্তনশীল জলবায়ুর কারণে ঘটতে থাকা দাবানলগুলো দেশব্যাপী কমিউনিটি ও পার্কগুলোকে পুড়িয়ে দিয়ে কয়েক লক্ষ একর জায়গা ধ্বংস করে দিয়েছে। নিউ ইয়র্কের সাহসী দমকল কর্মীরা আরো একবার এসব অগ্নিকাণ্ড নিয়ন্ত্রণ করার জন্য এবং মানুষ ও সম্পদের সুরক্ষার জন্য সাহায্যের ডাকে সাড়া দিয়েছেন," **বলেছেন গভর্নর হোচুল।** "বিপদ থেকে দূরে সরে যাওয়ার পরিবর্তে, বরং বিপদ মোকাবেলায় এগিয়ে যাওয়া নিউ ইয়র্কবাসীদের এই প্রচেষ্টাকে, বিশেষ করে মানুষের জীবন বিপন্ন হতে যাচ্ছে জানার পরেও এগিয়ে যাওয়ায়, আমি সাধুবাদ জানাই। আমি এই

টিমকে নিয়ে অত্যন্ত গর্বিত এবং তাদের নিরাপদে ও সুস্থ অবস্থায় বাড়ি ফিরতে দেখে আমি আনন্দিত।"

DEC কমিশনার বাসিল সেগোস বলেন, "40 বছরেরও বেশি সময় ধরে, নিউ ইয়র্কের বনভূমি দমকল কর্মীরা দূরবর্তী স্টেটগুলোর অগ্নিকাণ্ডের ঘটনা মোকাবেলার জন্য প্রস্তুত থেকেছে। যখন এসব সাহসী দমকল কর্মী স্বেচ্ছাসেবা দিতে যান, তাদের জানা থাকে না যে তাদেরকে কোথায় যেতে হবে অথবা আগুনটি কত বড়, কিন্তু তাদের এটি জানা থাকে যে তারা মানুষকে সাহায্য করবেন এবং সেটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। ইনসিডেন্ট কমান্ডে থাকা বিশেষজ্ঞ হিসেবে, DEC ফরেস্ট রেঞ্জার ও কর্মীরা প্রায় ক্ষেত্রেই কয়েক হাজার একর জায়গা জুড়ে জ্বলতে থাকা আগুন নিয়ন্ত্রণের আতঙ্কজনক কাজে কয়েক ডজন দমকল কর্মীর নেতৃত্ব দিয়ে থাকেন। আমি তাদের নিবেদিত প্রচেষ্টার জন্য, বিশেষ করে জলবায়ু পরিবর্তনের ফলে অপেক্ষাকৃত খারাপ রূপ নেয়া এবছরের ব্যস্ত অগ্নিকাণ্ডের মৌসুমে তাদের প্রচেষ্টার জন্য, তাদেরকে ধন্যবাদ জানাই।"

KNP কমপ্লেক্স অগ্নিকাণ্ড 9 সেপ্টেম্বরে শুরু হয়েছে, যা একটি বজ্রঝড় থেকে শুরু হয়েছিল, এবং বর্তমানে এটি সেকোইয়া ও কিংস ক্যানিয়ন ন্যাশনাল পার্কজুড়ে জ্বলছে এবং সেকোইয়া ন্যাশনাল ফরেস্টের কিছু অংশে ছড়িয়ে পড়েছে। এখন পর্যন্ত, এই আগুন 67,704 একরেরও বেশি জায়গা পুড়িয়ে ফেলেছে এবং বর্তমানে প্রায় 11 শতাংশ নিয়ন্ত্রণে এসেছে। ফিরে আসা কর্মীদের মধ্যে DEC ফরেস্ট রেঞ্জারদের পাশাপাশি DEC-র ভূমি ও বন, মৎস্য ও বন্যপ্রাণী, উপাদান ব্যবস্থাপনা, ও অপারেশন্স বিভাগের প্রশিক্ষণপ্রাপ্ত বনভূমি দমকল কর্মীরা সহ DEC-র বাইরের অভিজ্ঞ স্বেচ্ছাসেবক দমকল কর্মীরা অন্তর্ভুক্ত রয়েছে। ফিরে আসা দমকল কর্মীরা হলেন:

ক্রিস ডিসিন্টিও, ফরেস্ট রেঞ্জার, ক্রু বস, ফ্র্যাংকলিন কাউন্টি
রবার্ট স্ট্র্যাটন, ফরেস্ট রেঞ্জার, ক্রু বস ট্রেইনি, সালিভান কাউন্টি
আর্থার পেরিম্যান II, ফরেস্ট রেঞ্জার, স্কোয়াড বস, ওয়ারেন কাউন্টি
চেস্টার লান্ট III, ফরেস্ট রেঞ্জার, স্কোয়াড বস, ওনোনডেগা কাউন্টি
ফিলিপ পার্লার, ফরেস্ট রেঞ্জার, স্কোয়াড বস, অরেঞ্জ কাউন্টি
জ্যাকব স্কাডলারেক, ফরেস্ট রেঞ্জার, দমকল কর্মী, স্কহারি কাউন্টি
মাইকেল বোডনার, দমকল কর্মী, ওয়াশিংটন কাউন্টি
কেভিন ফার্নেস, দমকল কর্মী, স্টুয়েবেন কাউন্টি
দান্তে গ্যারোফালো, দমকল কর্মী, ওনোনডেগা কাউন্টি
অ্যারন গ্র্যাভিস, DEC-র ভূমি ও বন বিভাগ, সেন্ট লরেন্স কাউন্টি
এরিক কাসজা, দমকল কর্মী, ওটসেগো কাউন্টি
ড্যানিয়েলস কিন্সলে, DEC-এর উপাদান ব্যবস্থাপনা বিভাগ, ওনোনডেগা কাউন্টি
ক্র্যামার কোয়াসজালা, DEC-এর ভূমি ও বন বিভাগ, আলবানি কাউন্টি
রবার্ট ম্যাকফিয়ারসন, দমকল কর্মী, অনন্ডাগা কাউন্টি
জোসেফ নেলসন IV, DEC-এর মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ, ওটসেগো কাউন্টি
টমাস রস, দমকল কর্মী, নাসাউ কাউন্টি
জোসেফ স্যাপ, দমকল কর্মী, স্কেনেকটেডি কাউন্টি
নেইলসন স্লাই, DEC-এর অপারেশন্স বিভাগ, ফ্র্যাঙ্কলিন কাউন্টি

ব্র্যান্ডন সোয়ার্ট, DEC-এর মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ, ম্যাডিসন কাউন্টি
টিমোথি ওয়াটসন, DEC-এর মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ, সারাটোগা কাউন্টি

নিউ ইয়র্ক ক্রুদের কর্মী ও ভ্রমণের খরচ হয় সরাসরি যুক্তরাষ্ট্রের ফরেস্ট সার্ভিসের কাছে পরিশোধ করা হয়েছে অথবা স্টেট ও ফেডারেল ভূমি সংস্থাগুলোর মধ্যকার পারস্পরিক সাহায্য চুক্তির ভিত্তিতে নিউ ইয়র্ক স্টেটকে পরিশোধ করা হয়েছে।

1979 সালে, নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক কর্মীদের পাঠিয়েছিল পশ্চিম রাজ্যগুলিকে বড় দাবানলের সাথে লড়াইয়ে সাহায্য করতে। প্রতি বছর গড়ে দাবানলে সাহায্য করার জন্য প্রয়োজন মত একটি বা দুটি কর্মীদল প্রেরণ করা হয়েছে। দাবানল নিয়ন্ত্রণ করতে এবং ক্ষয়ক্ষতি কমাতে সাহায্য করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যা দাবানলের সাথে লড়াই করতে এবং নিউ ইয়র্কের সমস্ত ঝুঁকিপূর্ণ ঘটনাগুলির ব্যবস্থাপনা করতে কাজে লাগানো যেতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন